PRESS RELEASE

RESERVE BANK OF INDIA

**PRESS RELATIONS DIVISION**, Central Office, Post Box 406, Mumbai 400001
Phone: 2266 0502 Fax: 2266 0358, 2270 3279

www.rbi.org.in
www.rbi.org.in\hindi
e-mail: helpprd@rbi.org.in

১০ই আগস্ট ২০০৬

**প্রাকৃতিক বিপর্যয়গ্রস্ত এলাকায় ব্যবসা চালু রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যাংকগুলিকে যে পদক্ষেপ নিত হবে**

ভারতীয় রিজার্ভ ব্যাংক প্রাকৃতিক বিপর্যয়গ্রস্ত এলাকায় তাড়াতাড়ি ব্যাংকিং পরিষেবা চালু করার বিষয়টি নিশ্চিত করতে সমস্ত তালিকাভুক্ত ব্যাংকগুলিকে নির্দেশ জারী করেছে। ভারতীয় রিজার্ভ ব্যাংকের নির্দেশের মধ্যে আছে প্রাকৃতিক বিপর্যয়গ্রস্ত এলাকায় গ্রাহকদের তাদের অ্যাকাউন্ট সবসময়ে চালনা করতে দেওয়া ও সেই এলাকার ব্যক্তিদের নতুন অ্যাকাউন্ট খুলতে দেওয়া, বিশেষ করে সরকার/অন্যান্য সংস্থা দ্বারা তাদের যে ত্রাণ দেওয়া হচ্ছে সেটি যেন তারা পেতে পারে।

ভারতীয় রিজার্ভ ব্যাংকের এই নির্দেশিকা জারী করা হয়েছিল তাদের আভ্যন্তরীণ ওয়ার্কিং গ্রুপের সুপারিশে, যারা খতিয়ে দেখছিলেন বর্তমান নির্দেশিকা দ্বারা সেই ব্যক্তিবর্গকে ত্রাণ দেওয়া ছাড়াও প্রাকৃতিক বিপর্যয়গ্রস্ত এলাকায় ব্যাংকিং পরিষেবাকে আরও কীভাবে তাড়াতাড়ি চালু করা যায়। এই ওয়ার্কিং গ্রুপ স্থাপিত হয়েছিল ভারতীয় রিজার্ভ ব্যাংকের দ্বারা তাদের ২০০৫-০৬-এর মধ্যবর্তী নীতি ঘোষণার অঙ্গ হিসাবে অক্টোবর ২০০৫-এ।

ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা জারী নির্দেশিকা অনুযায়ী, প্রাকৃতিক বিপর্যয়গ্রস্ত যেসব এলাকায় ব্যাংকগুলি স্বাভাবিকভাবে কাজ করেত পারছে না, তারা চাইলে রিজার্ভ ব্যাংকের পরামর্শে অস্থায়ী বাড়ি থেকে তাদের কাজ চালাতে পারে। ব্যাংকগুলি প্রাকৃতিক বিপর্যয়গ্রস্ত এলাকায় তাদের সহযোগী কার্যালয় অথবা এক্সটেনশন কাউন্টার খুলে ব্যাংকিং পরিষেবা দিতে পারে অথবা ভ্রাম্যমাণ ব্যাংকিং পরিষেবা দিতে পারে। এছাড়াও গ্রাহকদের অবলম্বে নগদের প্রয়োজনের কতা মাথায় রেখে ব্যাংকগুলি অ্যাকাউন্ট পরিচালনার জন্য শাস্তিমূলক অর্থ কেটে নেওয়া থেকে বিরত থাকতে পারে যেমন স্থায়ী আমানতের ক্ষেত্রে। এ-টি-এম-গুলিকে অবিলম্বে আবার চালু করার বিষয়টি অথবা সেই পরিষেবা দেওয়ার জন্য বিকল্প ব্যবস্থা করার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে। ব্যাংকগুলি তাদের গ্রাহকদের অন্য এ-টি-এম নেটওয়ার্ক, ভ্রাম্যমান এ-টি-এম ইত্যাদির পরিষেবা দেওয়ার বিষয়টিও চিন্তা করং দেখতে পারে। যেসব এলাকায় কারেন্সী চেস্ট পরিয়েবা তছনছ হয়ে গেছে সেই সব জায়গায় ব্যাংকগুলিকে অস্থায়ী নগদ জমার গুদাম খোলার অনুমতি দেওয়া হয়েছে, যা সেই কারেন্সী চেস্ট পরিষেবার অঙ্গ হবে এবং সেই এলাকার নগদের চাহিদা মেটাবে।

আর্থিক সহায়তা প্রদানে, ব্যাংকগুলি তাদের বর্তমান গ্রাহকদের ১০,০০০ রুপী পর্যন্ত ভোগ্যপণ্য ঋণ দিতে পারে কোনো জামানত ছাড়াই। ব্যাংকগুলি সময়মত নতুন আর্থিক সহায়তা করতে পারে তাদের বর্তমান ও নতুন গ্রাহকদের, যার দ্বারা সেইসব গ্রাহকেরা উৎপাদনশীন কার্যকলাপ শুরু করতে পারে। বিপর্যয়ের অবস্থা বুঝে ও তার পুনরাবৃত্তি ঘটবে কিনা সেই বিষয়ে নিশ্চিত হয়ে ব্যাংকগুলি তাদের পুনর্গঠিত ঋণের পরিশোধের সময় ৭ থেকে ১০ বছর পর্যন্ত বাড়াতে পারে ও তার সঙ্গে এক বছর পর্যন্ত পরিশোধের সময় সকুব করতে পারে।

গুজরাট, মহারাষ্ট্র ও অন্ধ্র প্রদেশ এই তিনটি রাজ্যের বন্যা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারতীয় রিজার্ভ ব্যাংক স্টেট লেভেল ব্যাংকারস কমিটির আহ্বায়কদের অনুরোধ করছে যে তারা যেন অবিলম্বে স্টেট লেভেল ব্যাংকারস কমিটির মিটিং ডেকে এই পরিস্থিতির মোকাবিলা করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ সম্বন্ধে সিদ্ধান্ত নিতে পারে।

**আল্পনা কিল্লাওয়ালা**
চিফ জেনারেল ম্যানেজার

**প্রেস বিজ্ঞপ্তি : 2006-2007/207**